ভোরের কাগজ

তারিখ AUG 11 1999
পৃষ্ঠা ২ কলাম ২

44

### সাতক্ষীরা মহিলা কলেজে অস্বাভাবিক পরিস্থিতি

# শিক্ষকদের পাঠদানে বাধ্য করানোর হুমকি দিয়েছে ছাত্রীঐক্য

সাতক্ষীরা প্রতিনিধি : সাতক্ষীরা সরকারি মহিলা কলেজে গত এক মাস ধরে অস্বাভাবিক পরিস্থিতি বিরাজ করছে। একদিকে অধ্যক্ষ কলেজ বন্ধ ঘোষণা করেছেন। অন্যদিকে দুর্নীতি, অসদাচরণ ও স্বেচ্ছাচারিতার অভিযোগে 'অবাঞ্ছিত' ঘোষিত অধ্যক্ষের অপসারণ দাবি বাস্তবায়ন করে ছাত্রীরা অবিলম্বে কলেজ খুলে দেওয়ার আহ্বান জানিয়েছে। বৃহস্পতিবারের মধ্যে কলেজ খোলা না হলে ছাত্রীরা শিক্ষকদের পাঠদানে বাধ্য করবে বলে হুমকি দিয়েছে।

কলেজের ছাত্রী ঐক্য পরিষদ আহ্বায়ক শরীফা নাসরিন গত সোমবার এক মাসেরও বেশি সময় যাবৎ কলেজ বন্ধ রাখার প্রতিবাদ জানিয়েছেন। ছাত্রীরা এক লিখিত বিবৃতিতে জানায়, গত জুলাইয়ের ৬ তারিখে তারা অধ্যক্ষ আবদুল মুত্তালিব চৌধুরীর অপসারণ দাবি করে স্মারকলিপি প্রদান করে। ১৪ জুলাই তারা ক্লাস বর্জন করে কলেজ গেটে তালা ঝুলিয়ে দেয়। অধ্যক্ষ জোরপূর্বক কলেজে ঢোকার চেষ্টা করলেও ছাত্রীরা তা প্রতিহত করে। পরে একজন রাজনৈতিক ব্যক্তিত্বকে এনে অধ্যক্ষ ছাত্রীদের হুমকি দেন এবং এর পরপরই অধ্যক্ষ কলেজ বন্ধ ঘোষণার নোটিশ দিয়ে হোস্টেল খালি করার নির্দেশ দেন। ছাত্রীরা এই নির্দেশ অমান্য করে হোস্টেলেই অবস্থান করে। কলেজের সকল শিক্ষক এবং ছাত্রীরা কলেজ খুলে দেওয়ার দাবি জানাতে থাকেন। অথচ কলেজ খোলার ব্যবস্থা না করায় ছাত্রীদের লেখাপড়া ছাড়াও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ক্লাসগুলো হতে পারছে না।

গত সোমবার ছাত্রী ঐক্য পরিষদ নেত্রী শরীফা নাসরিন এক বিবৃতিতে আগামী ১২ আগস্ট বৃহস্পতিবারের মধ্যে অবাঞ্ছিত ঘোষিত অধ্যক্ষের অপসারণ দাবি বাস্তবায়ন করে কলেজ খুলে দেওয়ার আহ্বান জানান। অন্যথায় ছাত্রীরা ১৪ আগস্ট থেকে অন্যান্য শিক্ষকদের ক্লাস করাতে বাধ্য করাবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়। একই সঙ্গে ঐ দিন থেকে ছাত্রীদের কলেজে আসারও আহ্বান জানানো হয়েছে।